শেখ হাসিনার উদ্যোগ

# ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি

জগন্নাথপুর, ঠাকুরগাঁও।

ISO 9001-2015 CERTIFIED

টেলিফোন:০৫৬১-৫৩৫৭১
ইমেইল:thkpbs@gmail.com
ওয়েব:www.pbs.thakurgaon.gov.bd

স্মারক নং-২৭.১২.৯৪৯৪.৫২৬.০২.০০৮.২০.৩২২ তারিখ ঃ ০৩/ ০২/২০২০ খ্রিঃ

## "আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি"

ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি এ নিম্নবর্ণিত শূণ্য পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের নিমিত্তে পবিস নির্দেশিকা ৩০০-১৪,৩০০-২৪ ও ৩০০-৫১ অনুযায়ী যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত আগ্রহী প্রার্থীদের নিকট হতে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| পদের নাম | বেতন ও অন্যান্য ভাতা | প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| মিটার মেকানিক কাম সুপারভাইজার | পবিস নির্দেশিকা ৩০০-১৩, ৩০০-১৭ ও সর্বশেষ বেতন কাঠামো অনুযায়ী বেতন ও অন্যান্য সুবিধা প্রদান করা হবে। | ১॥ মিটার টেষ্টার পদে ০৭(সাত) বছরের অভিজ্ঞতা থাকতে হবে ;<br>২॥ পবিস নির্দেশিকা ৩০০-১৪,৩০০-২৪ ও ৩০০-৫১ অনুযায়ী সকল শর্তসমূহ পূরণ হতে হবে;<br>৩॥ পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রয়োজনীয় প্রশিক্ষণ ও বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>৪॥ সর্বশেষ ০৩ বৎসরের বার্ষিক কর্মমূল্যায়নের গড় রেটিং ৩.৫০ থাকতে হবে।<br>৫॥ বৈদ্যুতিক মিটার পরীক্ষায় পারদর্শী হতে হবে;<br>৬॥কম্পিউটার পরিচালনায় পারদর্শী হতে হবে।<br>৭॥ পদোন্নতির ক্ষেত্রে ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি কর্মচারী চাকুরী বিধি ১৯৯২ (সংশোধিত-২০১২) ও পবিস নির্দেশিকা ৩০০-১৪,৩০০-২৪ ও ৩০০-৫১ প্রতিপালন করা হবে। |

### আবেদন পত্র দাখিলের শর্তাবলী ঃ

০১। পবিস নির্দেশিকার আলোকে যোগ্যতা সম্পন্ন আবেদনকারী-কে A4 সাইজের সাদা কাগেজে স্বহস্তে লিখিত আবেদন পত্রে বাংলায় নিজের নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা ও বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, বয়স, ধর্ম, জাতীয়তা,শিক্ষাগত যোগ্যতা,অভিজ্ঞতা,চাকুরীতে ১ম যোগদানের তারিখ, বর্তমানে যোগদানের তারিখ, চাকুরীতে নিয়মিত করণের তারিখ ইত্যাদি উল্লেখপূর্বক সকল কাগজপত্রসহ আগামী ১৮/০২/২০২০খ্রি: তারিখ রোজ মঙ্গলবার সকাল ১০.০০ ঘটিকায় স্ব-শরীরে ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি, জগন্নাথপুর, ঠাকুরগাঁও সদর দপ্তরে উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০২। **আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবে ঃ**

ক) বর্তমান পদে যোগদান ও নিয়মিতকরণ পত্রের সত্যায়িত ফটোকপি;

খ) সদ্য তোলা ০৩(তিন) কপি পার্সপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গীন ছবি;

গ) বিগত ০৩(তিন) বৎসরের বার্ষিক কর্মমূল্যায়ন প্রতিবেদনের সত্যায়িত ফটোকপি;

ঘ) শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতার সকল সনদ এর সত্যায়িত ফটোকপি;

গ) জাতীয় পরিচয় পত্র/স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভার/সিটি কর্পোরেশন এর চেয়ারম্যান/মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত ফটোকপি;

ঙ) আবেদনকারীকে পদোন্নতি প্রদানের জন্য সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সুস্পষ্ট সুপারিশ থাকতে হবে;

শেখ হাসিনার উদ্যোগ

ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি
জগন্নাথপুর, ঠাকুরগাঁও।
ISO 9001-2015 CERTIFIED

টেলিফোন:০৫৬১-৫৩৫৭১
ইমেইল:thkpbs@gmail.com
ওয়েব:www.pbs.thakurgaon.gov.bd



জ) প্রার্থীর বিরুদ্ধে বিগত ০৫ (পাঁচ) বছরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থা (যদি থাকে বা না থাকে) উল্লেখ পূর্বক বর্তমানে বিভাগীয় মামলা অথবা ফৌজদারী মামলা চলমান নাই অথবা বিভাগীয় কার্যধারার অধীন তদন্ত প্রক্রিয়াধীন নাই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে;

ঝ) পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী নির্ধারিত প্রশিক্ষণে উত্তীর্ণের সত্যায়িত ফটোকপি;

ঞ) সকল কাগজপত্র সহকারী জেনারেল ম্যানেজার (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত হতে হবে।

০৩। **<u>পদোন্নতির জন্য সাক্ষাৎকার গ্রহণের ক্ষেত্রে নিম্নোক্ত প্রার্থীগণের আবেদন বিবেচনা করা হবে না ঃ</u>**

ক) সর্বশেষ ০৩ (তিন) বছরে কোনরূপ গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন;

খ) সর্বশেষ ০১(এক) বছরে কোনরূপ লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;

গ) বিগত ০৫(পাচ) বছরের ভিতর একের অধিকবার গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন;

ঘ) বিগত ০৪ (চার) বছরের ভিতর একবার গুরুদন্ড বা একবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;

ঙ) বিগত ০৩(তিন) বছরের ভিতর একের অধিকবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;

চ) পদোন্নতির জন্য ০৩(তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন;

ছ) বর্তমানে বিভাগীয় তদন্ত বা ফৌজদারী মামলা চলমান রয়েছে অথবা চার্জশীট এর আওতায় তদন্ত প্রক্রিয়াধীন রয়েছে ;

জ) ইতিপূর্বে কোন পবিসের চাকুরী হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

০৪। **<u>শর্তাবলী ঃ</u>**

০১। পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য হবে না। তবে ঠাকুরগাঁও ও পঞ্চগড় জেলার স্থায়ীভাবে বসবাসকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

০২। ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি এর কর্মকর্তা/কর্মচারী বা বোর্ড পরিচালক/মহিলা পরিচালকগণের স্বামী/স্ত্রী অথবা তাদের রক্তের সম্পর্কীয় কারো আবেদন করার প্রয়োজন নেই।

০৩। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১(এক) বৎসরের জন্য "চলতি দায়িত্ব" পদে নিয়োগ করা হবে। "চলত্বি দায়িত্ব" থাকাকালীন ০১(এক) বৎসরের কর্মমূল্যায়ন কর্তৃপক্ষ কর্তৃক সন্তোষজনক বিবেচিত হলে এবং বিধি মোতাবেক নিয়মিত করা হবে।

০৪। পবিস নির্দেশিকা ৩০০-১৩,৩০০-১৭ ও পবিস এর সর্বশেষ বেতন কাঠামো অনুযায়ী মূল বেতন ও অন্যান্য ভাতাদি নির্ধারণ করা হবে।

০৫। কোন প্রার্থী তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষনিকভাবে বরখাস্তকরণ সহ দেশের প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৬। নির্বাচনী সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৭। যে কোন আবেদন পত্র এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

০৮। শর্তাবলীতে উল্লেখ নাই এমন যে কোন বিষয়ে জটিলতার সৃষ্টি হলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে বিবেচিত হবে।

শেখ হাসিনার উদ্যোগ

ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি
জগন্নাথপুর, ঠাকুরগাঁও।
ISO 9001-2015 CERTIFIED

টেলিফোন:০৫৬১-৫৩৫৭১
ইমেইল:thkpbs@gmail.com
ওয়েব:www.pbs.thakurgaon.gov.bd

(আবু আশরাফ মোঃ ছালেহ্)
জেনারেল ম্যানেজার
ঠাকুরগাঁও পবিস।

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে

০১॥ নির্বাহী পরিচালক , বাপবিবো ,ঢাকা ।
০২॥ পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ)/ পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩॥ তত্ত্বাবধায়ক প্রকৌশলী, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ জানানো হলো)।
০৪॥ সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার -------------------------- পবিস-১/২/৩/৪।

অনুলিপি ঃ কার্যার্থে

০১॥ ডিজিএম, কারিগরী/পীরগঞ্জ/পঞ্চগড়/বালিয়াডাংগী জোনাল অফিস, ঠাপবিস।
০২॥ এজিএম (অর্থ/ওএন্ডএম/সদস্য সেবা/ইএন্ডসি), ঠাপবিস।
০৩॥ সহকারী জুনিয়র ইঞ্জিনিয়ার(আইটি-১/২)(ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
০৪॥ কম্পিউটার অপারেটর( সকল অনুলিপিতে মেইল করার জন্য)।
০৫॥ নোটিশ বোর্ড ।

জেনারেল ম্যানেজার
ঠাকুরগাঁও পবিস।

GS3.C:\Users\DOLPHIN\Desktop\200.14-3.docx